

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৮৭

আগরতলা, ০৮ ডিসেম্বর, ২০২০

শিল্প কলার বিকাশে কলা উৎসব-২০২০

রাজ্যে নতুন সরকার ক্ষমতাসীন হবার পর থেকে ত্রিপুরাকে দেশের মধ্যে সর্বশ্রেষ্ঠ রাজ্য হিসাবে তুলে ধরতে শিক্ষাকেই মূলত হাতিয়ার করে রাজ্য সরকার এগিয়ে চলেছে। শিক্ষাক্ষেত্রে আমূল পরিবর্তন ঘটিয়ে সামগ্রিকভাবে গুণগত শিক্ষার প্রসার ঘটাতে রাজ্য সরকার বদ্ধপরিকর।

এ প্রসঙ্গে বলা যেতে পারে, শুধুমাত্র পুঁথিগত শিক্ষার গুণগত বিকাশেই নয় পাশাপাশি শিল্পকলার বিকাশ ঘটানোর লক্ষ্যেও রাজ্য সরকার কাজ করে চলেছে। শিল্প হচ্ছে মানব মনের বহিঃপ্রকাশ, যা আমাদের সৃজনশীল আবেগের একটি বাস্তবরূপ। সংগীত, নৃত্য, অংকন, কলা ইত্যাদি সবগুলোই আমাদের সংস্কৃতি ও ঐতিহ্যের ধারক বাহক। শিল্পকলা শিক্ষারই একটি অন্যতম অঙ্গ। জীবনের সীমাবদ্ধতার বাইরে যাবার দরজা হল শিল্পকলা। পরিপূর্ণ মানুষ হতে গেলে শিল্পকলার চর্চা অত্যন্ত জরুরি। তাই তো বলা হয় শিল্পীরাও জনগণকে শিক্ষিত সচেতন করে আদর্শ সমাজ গঠন করতে পারেন।

ভারত সরকারের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক ছাত্র ছাত্রীদের মধ্যে চারু কলার বিকাশ ঘটানোর উদ্দেশ্যে ২০১৫ সাল থেকে কলা উৎসব প্রবর্তন করে। নবম থেকে দ্বাদশ শ্রেণীর পড়ুয়াদের মধ্যে শিল্পচেতনা বাড়ানোই এর মূল লক্ষ্য। ভারতের মূল সুরই হল বৈচিত্রের মধ্যে ঐক্য। এই বৈচিত্রের মধ্যে ঐক্যের সুর ধরা পড়ে শিল্পকর্মে। এতে জাতীয় সংহতিবোধও বৃদ্ধি পায়।

প্রতিবছর প্রথমে জেলাস্তরে, তারপর রাজ্যস্তরে সর্বশেষে জাতীয়স্তরে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এবছর ৬টি বিষয়ে অনলাইন মুডে এ জাতীয় স্তরের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ৬টি বিষয় হলো (১) কণ্ঠ সঙ্গীত (২) যন্ত্র সংগীত (৩) নৃত্য (৪) অংকন শিল্প (৫) দ্বিমাত্রিক ও ত্রিমাত্রিক চিত্র ও ভাস্কর্য (৬) উদ্ভাবনী ভাবনায় খেলনা তৈরী।

প্রতিটি বিষয়ে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা এককভাবে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকে। আটটি জেলা থেকে প্রতিটি বিষয়ে উৎকর্ষতার বিচারে শ্রেষ্ঠ ৯ জন ছাত্র এবং ৯ জন ছাত্রী ৮ই ডিসেম্বর, ২০২০ থেকে ১১ই ডিসেম্বর, ২০২০ পর্যন্ত অনুষ্ঠিত অনলাইন মুডে রাজ্যভিত্তিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করছে। এই প্রতিযোগিতার ফলাফল ঘোষণা হবে ১৪ই ডিসেম্বর, ২০২০। রাজ্যভিত্তিক কলা উৎসবে ত্রিপুরার বিভিন্ন গ্রাম এবং শহর থেকে মোট ১৪৪ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করছে। বিভিন্ন ক্ষেত্রে ত্রিপুরার প্রতিথযশা শিল্পীগণ এই প্রতিযোগিতায় বিচারকের ভূমিকা পালন করছেন। রাজ্যভিত্তিক প্রতিযোগিতা থেকে নির্বাচিত ৯ জন ছাত্র এবং ৯ জন ছাত্রী জাতীয়স্তরের প্রতিযোগিতায় ত্রিপুরার প্রতিনিধিত্ব করবে।

জাতীয় স্তরের প্রতিযোগিতা এবার কোভিড-১৯ পরিস্থিতিকে বিবেচনা করে অনলাইন মুডে আগামী ১০ই জানুয়ারি, ২০২১ থেকে ২৩শে জানুয়ারী, ২০২১ পর্যন্ত চলবে। নির্বাচিত প্রতিযোগীরা রাজ্যে নির্ধারিত স্থান থেকে এই জাতীয়স্তরের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। সমগ্র শিক্ষার রাজ্য প্রকল্প অধিকর্তা সাজু ওয়াহিদ এক প্রেস রিলিজে এই সংবাদ জানান।
